# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৫১৯

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصْلُ الْأَوَّلُ

### আরবী

وَعَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ: اعْتَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذِي الْقَعْدَةِ قَبْلَ أَنْ يَحُجَّ مَرَّتَيْنِ . رَوَاهُ الْبُخَارِيُّ

### বাংলা

২৫১৯-[১৫] বারা ইবনু ’আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (দশম হিজরীতে তাঁর বিদায়) হজ্জ/হজ পালন করার আগে যিলকদ মাসে দু’বার ’উমরা করেছিলেন। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৭৮১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা কুসতুলানী বলেনঃ বারা ইবনু ‘আযিব (রাঃ)-এর বক্তব্য প্রমাণ করে না যে, অন্য ‘উমরা পালন করেননি। অথবা বারা (রাঃ) হুদায়বিয়ার ‘উমরাহকে গণ্য করেননি এজন্য যে, তা পূর্ণতা পায়নি। তেমনিভাবে হজ্জের সাথের ‘উমরাটিও গণ্য করেননি এজন্য যে, তা হজ্জের কার্যসমূহের অন্তর্ভুক্ত ছিল। ‘আয়িশাহ্ (রাঃ) এবং ইবনু ‘আব্বাস (রাঃ)-এর বক্তব্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যিলকদ মাস ছাড়া ‘উমরা করেননি। এটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হজ্জের সাথের ‘উমরা-এর বিরোধী নয়। কেননা এ ‘উমরাটি শুরু হয়েছিল যিলকদ মাসে শেষ হয়েছে যিলহজ্জ মাসে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57079

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন